# 2023

## BENGALI

## ( Honours Elective )

Paper : BEN–HE–5026

( জীবনী সাহিত্য ও স্মৃতিকথা )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কে বিবেকানন্দকে 'বেঁটে শালা' বলে ডাকতেন ?

(খ) বিবেকানন্দের প্রপিতামহ রামমোহন দত্তের পেশা কী ছিল ?

(গ) বিবেকানন্দের ভগিনী যোগীন্দ্রবালাকে কে ইংরেজি শেখাতেন ?

(ঘ) তিরোধানের পূর্বে স্বামীজি কবিরাজের পরামর্শে কতদিন জল না খেয়ে ছিলেন ?

(ঙ) রবীন্দ্রনাথ শৈশবে কার কাছে কৃত্তিবাসী রামায়ণ শুনেছিলেন ?

(চ) রবীন্দ্রনাথের সেজো দাদার নাম কী?

(ছ) ছেলেবেলায় রবীন্দ্রনাথকে যে মাঝি গল্প শুনিয়েছিল তার নাম কী?

(জ) 'ধুনি সাহেব' কোথায় অবস্থিত?

(ঝ) "Look look, The man is going to be hanged but he laughes." এখানে কার কথা বলা হয়েছে?

(ঞ) দেবব্রত পরবর্তীকালে কী নামে প্রসিদ্ধ হয়েছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "চেয়েছিলাম শিবকে, পেলাম এক ভূতকে।" বক্তা কে? তিনি কার সম্পর্কে একথা বলেছেন?

(খ) স্বামী বিবেকানন্দের দুই দিদির নাম লেখো।

(গ) রবীন্দ্রনাথের দুজন সংগীত গুরুর নাম উল্লেখ করো।

(ঘ) "তোমাকে আর ঘর সামলাতে হবে না, নিজের হাত সামলিও।" বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

(ঙ) 'উদাসী সম্প্রদায়'-এর প্রতিষ্ঠাতা কে? তাঁর পিতার নাম কী?





৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বিবেকানন্দের আমেরিকা যাত্রার প্রসঙ্গে খেতড়ির মহারাজের অবদান বিষয়ে আলোচনা করো।

(খ) সন্ন্যাস সম্পর্কে স্বামীজির ধারণা ব্যক্ত করো।

(গ) ছেলেবেলায় ঠাকুরবাড়ির দালানে রবীন্দ্রনাথের যাত্রা দেখার অভিজ্ঞতাটি বর্ণনা করো।

(ঘ) 'ছেলেবেলা' অনুসরণে শ্রীকণ্ঠবাবুর পরিচয় দাও।

(ঙ) "My Mission is over", বক্তার এরূপ মন্তব্যের কারণ কী, আলোচনা করো।

(চ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"রবিবারে মামাদের স্ফূর্তির মাত্রা একটু বাড়িয়া যাইত।"

৪। (ক) "তিনি জীবনে যা কিছু সৎকার্য করিয়াছেন, সমস্তই সেই জননীর কৃপাপ্রভাব।" এই মন্তব্যের আলোকে বিবেকানন্দের জীবনে জননী ভুবনেশ্বরী দেবীর প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থে স্বামীজির পরিবারে বিষয়-আশয় নিয়ে বিবাদ ও অসন্তোষের যে বর্ণনা রয়েছে তা তোমার নিজের ভাষায় লেখো।

৫। (ক) ‘ছেলেবেলা’ গ্রন্থ অবলম্বনে জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের সাহিত্য ও শিকারপ্রীতির বর্ণনা দাও। ১০

*অথবা*

(খ) ‘ছেলেবেলা’ গ্রন্থে সেকালের ডাকাতদের যে বর্ণনা রয়েছে তা তোমার নিজের ভাষায় লেখো।

৬। (ক) ‘আত্মজীবনী’ ও ‘স্মৃতিকথা’-র পার্থক্য নির্দেশ করে ‘নির্বাসিতের আত্মকথা’ কোন্ ধরনের রচনা তা নির্ধারণ করো। ১০

*অথবা*

(খ) ‘নির্বাসিতের আত্মকথা’ গ্রন্থ অনুসরণে নরেন্দ্র হত্যার কাহিনিটি নিজের ভাষায় লেখো।

৭। (ক) ‘ছেলেবেলা’ গ্রন্থ অবলম্বনে ঠাকুরবাড়ির মেয়েদের জীবনযাত্রার বর্ণনা দাও। ১০

*অথবা*

(খ) ‘নির্বাসিতের আত্মকথা’ গ্রন্থে কয়েদি-নিগ্রহ এবং কয়েদিদের অন্তর্বিরোধের যে বর্ণনা রয়েছে তা আলোচনা করো।

★★★